HM Government

Grenfell community updates

# Grenfell Tower community update: November 2025 - Bengali / বাংলা

**গ্রেনফেল টাওয়ার (Grenfell Tower) কমিউনিটি আপডেট: নভেম্বর 2025**
আমরা বুঝি যে গ্রেনফেল টাওয়ার এর মর্মান্তিক ঘটনায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্তদের জন্য এর একটি গভীর ব্যক্তিগত তাৎপর্য রয়েছে এবং এই ভূমি পরিবারগুলোর কাছে পবিত্র। টাওয়ারটি সাবধানে ভেঙে ফেলার জন্য আমাদের কাজ সম্পর্কে আমরা আপনাকে আপডেটেড রাখতে চাই।

এই আপডেটে আপনারা আরও জানতে পারবেন:

- **টাওয়ারকে আলোকিত করা**
- **নতুন ব্যানার ইনস্টল করা**
- **শব্দ, ধূলিকণা এবং কম্পনের তথ্য পর্যবেক্ষণ**
- **বড়দিন এবং নববর্ষের কাজের সময়সূচি**
- **সুস্বাস্থ্য এবং ভালো থাকার জন্য সহায়তা**

পূর্ববর্তী আপডেটগুলি এখানে দেখা যেতে পারে: www.gov.uk/grenfell-community-updates

## টাওয়ারের আলোকসজ্জা

আমরা শুনেছি যে টাওয়ারটি সাবধানে নামানোর সময় এটির উপস্থিতির একটি দৃশ্যমান স্মৃতিচিহ্ন থাকা গুরুত্বপূর্ণ। আমরা আলো স্থাপন করেছি যাতে আলোর রশ্মি টাওয়ারের প্রতিটি কোণায় উপরের দিকে বিচ্ছুরিত হয়।

- 14ই ডিসেম্বর রবিবার থেকে, সেগুলি প্রতিদিন সন্ধ্যা 5pm-এ আগে নয়, রাত 11pm পর্যন্ত আলো দেবে।
- বছরের এই গুরুত্বপূর্ণ তারিখগুলিকে চিহ্নিত করতে আমরা 14ই ডিসেম্বর এবং 14ই জুন 72টি সবুজ আলোর রশ্মি চালু করব।
- 13ই ডিসেম্বর শনিবার সন্ধ্যায় আমরা অল্প সময়ের জন্য এই আলোগুলি পরীক্ষা করব।
- আলোগুলি কেমন দেখাবে তা যদি আপনি দেখতে চান, তাহলে আমরা সানন্দে আপনার সাথে ছবি শেয়ার করব – অনুগ্রহ করে আমাদের এই ঠিকানায় ইমেল করুন: GrenfellTowerSite@communities.gov.uk
- গ্রেনফেল হার্ট ব্যানারগুলি সন্ধ্যা নামা থেকে আলোকিত থাকা অব্যাহত রাখবে।

## নতুন ব্যানার ইনস্টল করা হচ্ছে

কাজের অগ্রগতির সাথে সাথে আমরা গ্রেনফেল হার্ট ব্যানারগুলি টাওয়ারের নিচের দিকে নামাচ্ছি। জানুয়ারির প্রথম দিকে, আমরা টাওয়ারের নিচের দিকে ব্যানার যোগ করব। একবার এটি যুক্ত হলে, আমরা উচ্চতর গুলিকে অপসারণ করব।

## শব্দ, ধূলিকণা এবং কম্পন সংক্রান্ত তথ্যের পর্যবেক্ষণ

সরকার গ্রেনফেল টাওয়ারের সমস্ত কাজ সর্বোচ্চ মান অনুযায়ী সম্পন্ন করতে প্রতিশ্রুতিবদ্ধ। কমিউনিটি এবং এই কর্মক্ষেত্রে নিয়োজিত সকলের নিরাপত্তা ও ভালো থাকা নিশ্চিত করা আমাদের প্রধান কর্তব্য।

টাওয়ার সাইটে তিনটি কম্পন পরিমাপক এবং পাঁচটি বায়ু মান পরিমাপক রয়েছে, এবং সাইটের সীমানার চারপাশে তিনটি শব্দ পরিমাপক রয়েছে, যার সবকটিই সরাসরি ডেটা সংগ্রহ করছে। প্রতি মাসে, আমরা এই ডেটা প্রকাশ করি। 29শে সেপ্টেম্বর থেকে 2রা নভেম্বরের ডেটা দেখতে, অনুগ্রহ করে নিচের লিঙ্কগুলিতে ক্লিক করুন:

শব্দ পর্যবেক্ষণ রিপোর্ট – 29 সেপ্টেম্বর থেকে 02 নভেম্বর 2025

ধুলো পর্যবেক্ষণ রিপোর্ট – 29 সেপ্টেম্বর থেকে 02 নভেম্বর 2025

কম্পন পর্যবেক্ষণ রিপোর্ট –29 সেপ্টেম্বর থেকে 02 নভেম্বর 2025

কাজ চলার সময় UK হেলথ সিকিউরিটি এজেন্সি (UKHSA) গ্রেনফেল টাওয়ার সংলগ্ন এলাকার বায়ুর গুণমান যাচাই ও পর্যবেক্ষণ অব্যাহত রাখবে। তাঁরা প্রতি মাসে তাঁদের রিপোর্টগুলি শেয়ার করেন। আপনি এখানে সর্বশেষ রিপোর্ট পড়তে পারেন:
Environmental monitoring following the Grenfell Tower fire - GOV.UK

## গ্রেনফেল টাওয়ারের সাইটে বড়দিন এবং নববর্ষের কর্মসূচির সময়সূচি

- শুক্রবার, 19শে ডিসেম্বর, সকাল 8.30am থেকে দুপুর 12pm – সাইটে স্বাভাবিক কাজের সকাল
- শুক্রবার, 19শে ডিসেম্বর, দুপুর 12pm থেকে বিকাল 5pm – দুপুর 12pm-এ কাজ বন্ধ হয়ে যাবে এবং সাইটটি এরপর বড়দিন ও নববর্ষের ছুটির জন্য প্রস্তুত করা হবে
- সোমবার, 22শে ডিসেম্বর থেকে রবিবার, 4 জানুয়ারি – নিয়মিত নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ ব্যতীত সাইটে কোনো কাজ হবে না
- সোমবার, 5ই জানুয়ারি, সকাল 8.30am থেকে বিকাল 5pm – বড়দিন ও নববর্ষের ছুটির পর গ্রেনফেল টাওয়ার সাবধানে ভেঙে ফেলার কাজ পুনরায় শুরু হবে।

## সুস্বাস্থ্য এবং ভালো থাকার জন্য সহায়তা

শোকার্ত পরিবার, বেঁচে থাকা ব্যক্তি এবং আশেপাশের সম্প্রদায়ের বাসিন্দাদের জন্য মানসিক ও শারীরিক সুস্থতার সহায়তা টাওয়ারটিকে সাবধানে ভেঙে ফেলার কাজ চলাকালীনও অব্যাহত থাকবে।

আপনি যদি কোনো ব্যক্তির সাথে যোগাযোগ করতে চান, তাহলে নিম্নলিখিত পদক্ষেপ নিতে পারেন:

- গ্রেনফেল ওয়েলবিয়িং সার্ভিসে 020 8637 6279 নম্বরে কল করুন (প্রতিদিন সকাল 8am থেকে রাত 8pm পর্যন্ত)
- জরুরী প্রয়োজনে, সেন্ট্রাল অ্যান্ড নর্থ ওয়েস্ট লন্ডন ন্যাশনাল হেলথ সার্ভিস (NHS) ফাউন্ডেশন ট্রাস্টের (CNWL) সিঙ্গল পয়েন্ট অফ অ্যাক্সেস পরামর্শ লাইনে কল করুন, এই নম্বরে:
  0800 0234 650 (সপ্তাহের সাত দিন, 24 ঘন্টা খোলা)
- ইমেল: grenfell.wellbeingservice@nhs.net
- আরও তথ্যের জন্য www.grenfellwellbeing.cnwl.nhs.uk দেখুন:

উপলব্ধ পরিষেবা সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, www.grenfell.nhs.ukদেখুন

## আমাদের সাথে কীভাবে কথা বলবেন বা আরও জানবেন

আমরা এমনভাবে তথ্য শেয়ার করতে চাই যা আপনার জন্য সহায়ক হবে। আমরা আগামী মাসগুলিতে নিয়মিত আপডেট এবং তথ্য শেয়ার করতে থাকব www.gov.uk/grenfell-community-updates আপনি যদি চান, আমরা আমাদের নিয়মিত আপডেটগুলি সরাসরি আপনাকে ইমেল করতে পারি।

আপনি নিয়মিত মিটিংগুলোতে আধিকারিকদের এবং আমাদের প্রধান ঠিকাদারের সঙ্গে দেখা করে কাজের বিষয়ে আলোচনা করতে, যেকোনো উদ্বেগ জানাতে এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন। পরবর্তী সভাটি 16ই ডিসেম্বর অনুষ্ঠিত হবে – আপনি যদি উপস্থিত থাকতে চান, তবে বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে নিচের ইমেল ঠিকানায় আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনার সুবিধাজনক ও আরামদায়ক সময়ে, তারিখে এবং স্থানে আপনার সাথে এককভাবে বা দলগতভাবে কথা বলার জন্য উপলব্ধ আছি।

কাজ সংক্রান্ত কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে, অথবা আমাদের সাথে কথা বলার বলতে চাইলে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন। আপনি আমাদের সাথে ইমেলের মাধ্যমে যোগাযোগ করতে পারেন: GrenfellTowerSite@communities.gov.uk

গ্রেনফেল টাওয়ারের সর্বশেষ আপডেটের জন্য এবং ইমেল বিজ্ঞপ্তির জন্য সাইন আপ করতে, অনুগ্রহ করে এখানে যান: www.gov.uk/grenfell-community-updates  অথবা নীচের QR কোডটি স্ক্যান করুন।

গ্রেণফেল টাওয়ার ট্র্যাজেডির প্রতিক্রিয়ায় আমাদের কাজ সম্পর্কে আপনারা কীভাবে আপডেট পেতে পছন্দ করছেন, সে বিষয়ে আমরা আপনাদের মতামত জানতে চাই। আপনি যদি চান, তাহলে আমাদের দ্রুত ফিডব্যাক ফর্মটি পূরণ করে আপনার মতামত জানাতে পারেন:

[গ্রেনফেল কমিউনিটি: Communications Feedback Form - GOV.UK]